ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৬৯

অমরপুর, ২২ আগস্ট, ২০২৫

# প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ে অমরপুরে সভা

প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার বিষয়ে গতকাল অমরপুর মহকুমা শাসকের সভা গৃহে এক সভা অনুষ্ঠিত হয়। অতিরিক্ত মহকুমা শাসক প্রীতম সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা, বিভিন্ন ক্লাব, এনজিও, প্রেস ক্লাব সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, প্রত্যেকটি শেল্টার হাউসকে কয়েকটি জোনে ভাগ করা হবে। প্রতিটি পঞ্চায়েত ও ভিলেজে পঞ্চায়েত সচিবকে আহ্বায়ক করে একটি কমিটি গঠন করা হবে। পূর্ত দপ্তরকে আগাম প্রস্তুতি নেওয়ার জন্য বলা হয়েছে। এছাড়া বন দপ্তর, স্বাস্থ্য দপ্তর, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরকেও আগাম প্রস্তুতি নেওয়ার জন্য বলা হয়েছে। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার জন্য ব্যবহৃত নৌকাগুলি কোথায়, কি অবস্থায় আছে সে বিষয়ে মহকুমা প্রশাসন থেকে আগাম ব্যবস্থা নেওয়া হবে।

*****